

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা

নং-৪৬.৪২.০০০০.০০০.২০.০০২.২০১৫(২).৪১১২


তারিখঃ ৮.১১.২০১৫ খ্রিঃ।

বিষয় : জেলা পরিষদের মাধ্যমে পর্যটকদের আবাসিক সুবিধাদি বৃদ্ধির লক্ষ্যে স্থানীয় ডাকবাংলোর সংস্কার ও উন্নয়ন।

- সূত্র : ১) নেত্রকোনা জেলা পরিষদ কার্যালয়ের স্মারক নং জেপনে/প্রকৌঃ/১৬৭০, তারিখ : ২১.১১.১১।
২) জনাব ওয়ারেসাত হোসেন বেলাল (বীর-প্রতীক), মাননীয় সংসদ সদস্য, নেত্রকোনা-৫ এর ২.৯.১৫ তারিখের আধাসরকারি পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জেলা পরিষদের মাধ্যমে পর্যটকদের আবাসিক সুবিধাদি বৃদ্ধির লক্ষ্যে স্থানীয় ডাকবাংলোর সংস্কার ও উন্নয়ন লক্ষ্যে প্রয়োজনীয় প্রাক্কলন প্রস্তুত করে স্বয়ং-সম্পূর্ণ প্রকল্প প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।


(জুবাইদা মাসরুর)
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-igzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, নেত্রকোনা।

অনুলিপি-জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ১। জনাব ওয়ারেসাত হোসেন বেলাল (বীর-প্রতীক), মাননীয় সংসদ সদস্য, ১৬১ নেত্রকোনা-৫, বাংলাদেশ জাতীয় সংসদ।
- ২। প্রশাসক, জেলা পরিষদ, নেত্রকোনা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৫। অফিস কপি।



সদস্য

খন্দকার মোশাররফ হোসেন
২/১/১৫

বাংলাদেশ জাতীয় সংসদ

খন্দকার মোশাররফ হোসেন, এমপি
সংসদ সদস্য, ১৬১ নেত্রকোণা-৫
এপার্টমেন্ট-২০১, সংসদ সদস্য ভবন-২
মানিক মিয়া এ্যাভিনিউ,
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
মোবাইল ০১৭১৪১১৯৪৬৫
তারিখ: ০২/০৯/২০১৫ ইং

ওয়ারেসাত হোসেন বেলাল (বীর-প্রতীক)
সংসদ সদস্য, ১৬১ নেত্রকোণা-৫
এপার্টমেন্ট-২০১, সংসদ সদস্য ভবন-২
মানিক মিয়া এ্যাভিনিউ,
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
মোবাইল ০১৭১৪১১৯৪৬৫
তারিখ: ০২/০৯/২০১৫ ইং

বিষয়: নেত্রকোণা জেলার পূর্বধলা উপজেলাধীন রাজধলা বিলে “রাজধলা পর্যটন পার্ক” নির্মাণ প্রসঙ্গে।

সূত্র: স্থানীয় সরকার বিভাগের ২৫/০৮/২০১১ ইং তারিখের ৪৬.০৪২.০১৪.১৬.০২.০৮০.২০১১.২৯২০ নং স্মারক।

মাননীয় মন্ত্রী,

আসসালামু আলাইকুম।

উপর্যুক্ত বিষয়ে সূত্রে উল্লিখিত স্থানীয় সরকার বিভাগের স্মারকের প্রতি আপনার সুদৃষ্টি আকর্ষণ করছি। বর্তমান মহাজোট সরকার ক্ষমতাশীল হওয়ার পর আমার নির্বাচনী এলাকা পূর্বধলা উপজেলা সদরের সন্নিকটস্থ রাজধলা বিলকে পর্যটন পার্কে উন্নীতকরণের জন্য আমি উদ্যোগ গ্রহণ করি। এই লক্ষ্যে প্রাথমিক ভাবে উপজেলা স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ কর্তৃক একটি স্ক্যাচ ম্যাপ ও প্যাকেজ সারাংশ তৈরি করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পর্যটন মন্ত্রণালয়কে অনুরোধ করি। পর্যটন মন্ত্রণালয়ের নির্দেশ মোতাবেক পর্যটন করপোরেশন কর্তৃক সরেজমিনে পরিদর্শন পূর্বক একটি প্রতিবেদন পেশ করা হয় (কপি সংযুক্ত)। পরবর্তীতে রাজধলা বিলে “রাজধলা পর্যটন পার্ক” নির্মাণের প্রস্তাব স্ক্যাচ ম্যাপ অনুযায়ী তৈরী প্যাকেজ সারাংশটি সদয় অনুমোদন ও অর্থ বরাদ্দের জন্য পর্যটন মন্ত্রণালয় কর্তৃক স্থানীয় সরকার বিভাগে প্রেরিত হয়। স্থানীয় সরকার বিভাগের সূত্রে উল্লিখিত ২৫/০৮/২০১১ ইং তারিখের স্মারকের নির্দেশ অনুযায়ী নেত্রকোণা জেলা পরিষদ উন্নয়ন সমন্বয় কমিটির ১৫/১১/২০১১ ইং তারিখে অনুষ্ঠিত সভায় প্রকল্পটির অনুকূলে প্ল্যান, ডিজাইন ও ২,৬৮,৪৩,৪৮৪ (দুই কোটি আটষট্টি লক্ষ তেতাল্লিশ হাজার চারশত চুরাশি) টাকার প্রাক্কলন উপস্থাপিত ও অনুমোদিত হয়। জেলা পরিবেশ ও বন উন্নয়ন কমিটির সভায়ও উক্ত প্রাক্কলন প্রস্তাব অনুমোদিত হয়। অতঃপর জেলা পরিষদ নেত্রকোণা কর্তৃক ২৯/১১/২০১১ ইং তারিখের স্মারক নং জেপনে/প্রকৌ:১৬৭০ এর মাধ্যমে (কপি সংযুক্ত) রাজধলা বিলকে “রাজধলা পর্যটন পার্ক” হিসাবে রূপান্তরকরণের জন্য এডিপি তহবিল হতে ২,৬৮,৪৩,৪৮৪ (দুই কোটি আটষট্টি লক্ষ তেতাল্লিশ হাজার চারশত চুরাশি) টাকার প্রাক্কলন সদয় অনুমোদন সহ সমুদয় অর্থ প্রদানের জন্য স্থানীয় সরকার বিভাগকে অনুরোধ করা হয়।

আমি ব্যক্তিগতভাবে যোগাযোগ করে জানতে পেরেছি যে এতদসংক্রান্ত নথিটি প্রস্তাব ও সুপারিশ সহ আপনার মন্ত্রণালয় সমীপে সদয় অনুমোদনের জন্য পেশ করা হয়েছে। যেহেতু বর্তমান অর্থ বছর শেষ প্রান্তে উপনীত এবং বর্ষা মৌসুম আসন্ন সেইহেতু পর্যটন পার্ক নির্মাণের কাজটি দ্রুত শুরু না করলে এই প্রকল্পটির বাস্তবায়ন আরো এক বছর বিলম্বিত হবে। এমতাবস্থায় প্রস্তাবিত পর্যটন পার্ক নির্মাণের কাজটি এই মনুর্ভেই শুরু করা প্রয়োজন। চলতি অর্থ বছরে কাজ সম্পন্ন করার লক্ষ্যে ২,৬৮,৪৩,৪৮৪ (দুই কোটি আটষট্টি লক্ষ তেতাল্লিশ হাজার চারশত চুরাশি) টাকা দ্রুত বরাদ্দের জন্য আপনাকে সর্বিনয় অনুরোধ করছি।

সংযুক্তি: বর্ণনা মতে।


খন্দকার মোশাররফ হোসেন

মাননীয় মন্ত্রী

স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়

ঢাকা।



শ্রদ্ধান্তে,
আন্তরিকভাবে আপনার

ওয়ারেসাত হোসেন বেলাল (বীর-প্রতীক)

ওয়ারেসাত হোসেন বেলাল (বীর-প্রতীক)

স্থানীয় সরকার বিভাগ সচিবের দপ্তর		জেলা পরিষদ অধিশাখা
১) অতিরিক্ত সচিব	১) প্রশাসন	২৭/১/১৫
২) মহাপরিচালক	২) উন্নয়ন	
৩) যুগ্ম-সচিব	৩) পল্লী উন্নয়ন	
	৪) পল্লী	
	৫) আইন	

এম.পি
২৪/১/১৫

ওয়ারেসাত হোসেন বেলাল (বীর-প্রতীক)

সচিব (পল্লী উন্নয়ন)
সচিব (উন্নয়ন)
সচিব (পল্লী উন্নয়ন)